



## ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

ই মেইল নং- [bbariapbs@yahoo.com](mailto:bbariapbs@yahoo.com)



ফ্যাক্স নং- ০৮৫১-৫৭৫৫০

ফোন নং- ০৮৫১-৫৭৫৫০

স্মারক নং- ২৭.১২.১২১৩.৫৫২.০২.০০৮.২০. ২৫৮০

তারিখঃ

২৫ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ

০৯ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

### “রিটেইনার ডাক্তার নিয়োগ বিজ্ঞপ্তি”

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাধীন নবীনগর জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

#### শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩। অত্র প্রতিষ্ঠানের আওতাভুক্ত এলাকায় সরকারী ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবল মাত্র তাদেরকে রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। তবে চুক্তি শেষে একই শর্তে পুনঃচুক্তি হতে পারে।
- ০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত সমিতি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী মাসিক রিটেইনার ফি নির্ধারণ করা হবে। তবে সর্বোচ্চ রিটেইনার ফি মাসিক ৪০০০/- (চার হাজার) টাকা পর্যন্ত হতে পারে।
- ০৬। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০/- (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৭। সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে ন্যূনতম ০১ (এক) ঘন্টার জন্য অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএডিএ প্রদান করা হবে না।
- ০৮। ব্যক্তিগত চেম্বারে সমিতির যেকোন কর্মকর্তা/কর্মচারী উল্লেখিত নির্দিষ্ট ০২ (দুই) দিন ব্যতিত সপ্তাহের অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারেন। এজন্য কোন পৃথক ডিজিট বা ফি দেওয়া হবে না।
- ০৯। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকাস্থ কর্তৃপক্ষের অনুরোধক্রমে যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হতে পারে। (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেওয়া হবে)।
- ১০। নবীনগরে বসবাসরত ডাক্তারদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ১১। আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ  
আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি, সম্প্রতিকালে তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।  
উপরোক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে দরখাস্ত ও প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আগামী ২২/০৩/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌছাতে হবে।

*(Signature)*  
০৯/৩/২০২০

(প্রকৌশলী মোঃ শাহজাহান তালুকদার)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পৃঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
- ০৫। জেলা প্রশাসক, পুলিশ সুপার, সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীনগর ব্রাহ্মণবাড়িয়া।
- ০৭। ডিজিএম নবীনগর জোনাল অফিস, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
- ০৮। এজিএম (ওএন্ডএম), কসবা সদর জোনাল অফিস, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
- ০৯। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), ব্রাহ্মণবাড়িয়া পবিস, পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
- ১১। অফিস/মাস্টার কপি।

*(Signature)*  
০৯/৩/২০২০

(প্রকৌশলী মোঃ শাহজাহান তালুকদার)

জেনারেল ম্যানেজার